(একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত পত্র)

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর-রাশিবো/উমা:/পরী:/কে:/প:উ:শা:৫(২য়)/পনি-**৫৭(১৯৫/১২৫)** তারিখ : ০৬ মার্চ ২০১৭

**বিষয়: ২০১৭ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার উপকরণাদি সরবরাহ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে ২০১৭ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা ০২ এপ্রিল ২০১৭ রবিবার থেকে শুরু হবে। তাঁর কেন্দ্রের পরীক্ষার্থীদের সাদা মূল উত্তরপত্রসহ অন্যান্য আনুষঙ্গিক গোপনীয় কাগজপত্র ও উপকরণাদি অপর পৃষ্টায় বর্ণিত বিতরণের তারিখ সকাল ১০ টায় রাজশাহী শিক্ষা বোর্ডের পরীক্ষা উপকরণাদি (বিতরণ ও গ্রহণ) শাখা থেকে সরবরাহ করা হবে। তাঁকে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে অথবা তাঁর মনোনীত নিজ কলেজের একজন সিনিয়র শিক্ষক প্রতিনিধির মাধ্যমে সংশ্লিষ্ট শাখা থেকে উপকরণাদি গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল। **পিয়ন বা অফিস সহকারীর নিকট পরীক্ষার উপকরণাদি বিতরণ করা হবেনা**। শিক্ষক প্রতিনিধির মাধ্যমে উপকরণাদি গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিনিধিকে অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত ছবিসহ নমুনা স্বাক্ষর সম্বলিত ক্ষমতা অর্পণপত্র এবং ভোটার আইডি কার্ডের ফটোকপি অবশ্যই সঙ্গে আনতে হবে। **অস্পষ্ট সীল কোনক্রমেই গ্রহণযোগ্য হবে না। ভারপ্রাপ্ত অধ্যক্ষগণের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসারের নিকট থেকে ছবি ও স্বাক্ষর সত্যায়িতসহ প্রত্যয়নপত্র সঙ্গে আনতে হবে। যদি ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিজে আসতে না পারেন সে ক্ষেত্রে তাঁর মনোনীত নিজ কলেজের সিনিয়র শিক্ষককে উপজেলা নির্বাহী অফিসারের কাছ থেকে ছবি ও স্বাক্ষর সত্যায়িতসহ প্রত্যয়নপত্র সঙ্গে আনতে হবে। নতুবা সে সব কেন্দ্রের পরীক্ষার উপকরাণাদি সরবরাহ করা হবে না।**

১। তাঁর কেন্দ্রের জন্য বরাদ্দকৃত উপকরণাদি রাজশাহী শিক্ষা বোর্ড থেকে কেন্দ্র পর্যন্ত নিজ ব্যয়ে নিরাপদে পরিবহনের ব্যবস্থা করতে হবে।

২। কেন্দ্রে পৌঁছার পর পরই প্রাপ্ত উপকরণাদি প্রদত্ত তালিকার সঙ্গে মিলিয়ে দেখতে হবে। কোনরূপ গরমিল পরিলক্ষিত হলে অথবা না হলেও তার প্রকৃত অবস্থান (ভাল/নষ্ট, কম/বেশী) বর্ণনাপূর্বক ৭ (সাত) দিনের মধ্যে পরীক্ষা উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করতে হবে (নম্বর ফর্দের (OMR) হিসাবসহ যাহা কম্পিউটার শাখায় গ্রহণ করেছে) উক্ত রিপোর্টের ১(এক) কপি পরীক্ষা শেষে চূড়ান্ত হিসাব-নিকাশ জমাদানের সময় অবশ্যই দাখিল করতে হবে।

৩। উদ্বৃত্ত/অতিরিক্ত প্রশ্নপত্র, ভর্তি ট্রাংক, খালি ট্রাংক, সাদা মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র, নৈর্ব্যক্তিক/বহুনির্বাচনি উত্তরপত্র, নম্বর ফর্দ্দ (OMR) ভর্তিবস্তা, খালি বস্তাসহ সকল উপকরণাদির চূড়ান্ত হিসাব-নিকাশ পরীক্ষা শেষ হওয়ার পরে অপর পৃষ্ঠায় বর্ণিত তারিখ অনুযায়ী অবশ্যই রাজশাহী শিক্ষা বোর্ডের পরীক্ষা উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে বুঝিয়ে দিতে হবে। উক্ত সময়ের মধ্যে জমাদানে ব্যর্থ হলে কিংবা মালামাল/উপকরণাদির কোনরূপ ক্ষয়ক্ষতি হলে তাঁকে এককভাবে দায়ী করে ক্ষতিপূরণ আদায় করা হবে। উদ্ধৃত উপকরণাদি (ট্রাংক/বস্তা) কোনক্রমেই রেলওয়ে পার্শেল/ডাকযোগে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর পাঠানো যাবেনা।

৪। কেন্দ্র সচিবের গ্রহণকৃত উপকরণাদির চূড়ান্ত হিসাব-নিকাশ পরীক্ষা গ্রহণ শেষে তিনি নিজে অথবা তাঁর প্রতিনিধির মাধ্যমে পরীক্ষা উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে বুঝিয়ে দিবেন।

৫। সাদা মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, ব্যবহারিক উত্তরপত্র, নৈর্ব্যক্তিক/বহুনির্বাচনি উত্তরপত্র, নম্বর ফর্দ্দ (OMR) ব্যবহারের পূর্বে অযথা কেন্দ্রের সীল/স্বাক্ষর করে কোন অবস্থাতেই নষ্ট করা যাবে না, এরূপ করলে প্রতিটি উত্তরপত্রের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা হারে- ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে। সচিব, STD হিসাব নম্বর ৩৬০০০০৬৮ এ সোনালী ব্যাংক লি: গ্রেটার রোড শাখা, রাজশাহীর, অনুকূলে ব্যাংক ড্রাফট করে উক্ত ব্যাংক ড্রাফটটি বোর্ডের কালেকশন বুথে জমা দিয়ে মানি রশিদ সংগ্রহ করতে হবে অথবা বোর্ডের কালেকশন বুথে উক্ত হিসাবে সরাসরি অর্থ জমা দিয়ে মানি রশিদ সংগ্রহ করা যাবে। পরীক্ষা চলাকালীন সময় ভুলক্রমে কোন উত্তরপত্র বাতিল হলে, উপর্যুক্ত কারণ দর্শিয়ে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে সীল ও স্বাক্ষর করে ফেরৎ দিতে হবে। কোন উত্তরপত্রের সেলাই খোলা থাকলেও, কোন ক্রমেই স্ট্যাপ্লার পিন/সেলাই করে ব্যবহার করা যাবে না। ত্রুটিপূর্ণ উত্তরপত্রসমূহ ব্যবহার না করে ঐ অবস্থায় ফেরৎ দিতে হবে।

## জেলাওয়ারী উপকরণাদি বিতরণের তারিখ নিম্নরূপ

| ক্রমিক নম্বর | জেলার নাম | বিতরণের তারিখ ও বার | ক্রমিক নম্বর | জেলার নাম | বিতরণের তারিখ ও বার |
|---|---|---|---|---|---|
| ১. | জয়পুরহাট ও চাঁপাইনবাবগঞ্জ | ২২/০৩/২০১৭ বুধবার | ৫. | নওগাঁ | ২৮/০৩/২০১৭ মঙ্গলবার |
| ২. | সিরাজগঞ্জ | ২৩/০৩/২০১৭ বৃহস্পতিবার | ৬. | নাটোর | ২৯/০৩/২০১৭ বুধবার |
| ৩. | বগুড়া | ২৫/০৩/২০১৭ শনিবার | ৭. | রাজশাহী | **২৪/০৩/২০১৭ শুক্রবার (পরিবর্তিত তারিখ)** |
| ৪. | পাবনা | ২৭/০৩/২০১৭ সোমবার | | | |

## জেলাওয়ারী উপকরাণাদি ফেরতের তারিখ নিম্নরূপ

| ক্রমিক নম্বর | জেলার নাম | ফেরতের তারিখ ও বার | ক্রমিক নম্বর | জেলার নাম | ফেরতের তারিখ ও বার |
|---|---|---|---|---|---|
| ১. | জয়পুরহাট ও বগুড়া | ০১/০৬/২০১৭ বৃহস্পতিবার | ৩. | নওগাঁ ও নাটোর | ০৫/০৬/২০১৭ সোমবার |
| ২. | সিরাজগঞ্জ ও পাবনা | ০৪/০৬/২০১৭ রবিবার | ৪. | রাজশাহী ও চঁপাইনবাবগঞ্জ | ০৬/০৬/২০১৭ মঙ্গলবার |

বি:দ্র: উল্লিখিত তারিখে উপকরণাদি ফেরত দিতে হবে। নির্ধারিত তারিখের আগে ও পরে গ্রহণ করা হবে না।

**প্রাপক**
**ভারপ্রাপ্ত কর্মকর্তা/অধ্যক্ষ**
এইচএসসি পরীক্ষা ২০১৭

**পরীক্ষা নিয়ন্ত্রক**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
email : ce.biser@yahoo.com

স্মারক নম্বর-রাশিবো/উমা:/পরী:/কে:/প:উ:শা:৫(২য়)/পনি-**৫৭(১৯৫/১২৫)** তারিখ : ০৬ মার্চ ২০১৭

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

১. সচিব/কলেজ পরিদর্শক/বিদ্যালয় পরিদর্শক/উপ-পরিচালক(হিসাব ও নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
২. জেনারেল ম্যানেজার, বাংলাদেশ রেলওয়ে, পশ্চিমাঞ্চল, রাজশাহী
৩. জেলা প্রশাসক,রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, নওগাঁ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট
৪. পুলিশ সুপার,রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, নওগাঁ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট
৫. উর্ধ্বতন পোস্ট মাস্টার, উত্তরাঞ্চল, রাজশাহী
৬. রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, নওগাঁ, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া ও জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলার উপজেলা নির্বাহী অফিসার
৭. রেলওয়ে সুপারেনটেনডেন্ট, পশ্চিম অঞ্চল, রাজশাহী। পরীক্ষা সংক্রান্ত উপকরণাদি নিরাপদে দ্রুত প্রেরণের যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনাকে অনুরোধ করা হ'ল
৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
৯. উপ-সচিব (ভান্ডার), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
১০. কেন্দ্রের নিকটবর্তী সকল রেলওয়ে স্টেশন মাস্টার, পশ্চিম অঞ্চল, রাজশাহী। কম্পিউটার পদ্ধতিতে পরীক্ষা গ্রহণের ফলে উপকরণাদি ভর্তি বস্তাসমূহ অতি সতর্কতার সঙ্গে উঠানো এবং নামাবার জন্য সংশ্লিষ্ট কাজে নিয়োজিত ব্যক্তিবর্গকে নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হ'ল
১১. সহকারী ক্রীড়া অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
১২. নিরাপত্তা অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
১৩. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
১৪. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
১৫. পি.সি আনসার বাহিনী, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
১৬. অফিস নথি

✔ **উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চ মাধ্যমিক)**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
☎ ০৭২১-৭৭৫৯২১, ০১৭৩২-৪০৫১৪০
email : rahim_jahidur@yahoo.com